

সঠিক তথ্য জানুন

স্ব-বিচ্ছিন্ন থাকা সম্পর্কিত দ্রান্ত ধারণা

স্ব-বিচ্ছিন্ন থাকা সম্পর্কে বহু দ্রান্ত ধারণা আছে। কিছু সঠিক তথ্য এখানে তুলে ধরা হল।

দ্রান্ত ধারণা: আমাকে ১৪ দিনের জন্য নিজেকে বিচ্ছিন্ন রাখতে হবে

সঠিক তথ্য: আপনাকে কেবল ১০ দিনের জন্য তা করতে হবে, আপনার পরীক্ষার বা আক্রান্ত কারো সংস্পর্শে আসার পরদিন থেকে।

দ্রান্ত ধারণা: টিকা নেওয়া হয়ে গেলে আমাকে স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে না

সঠিক তথ্য: আপনি টিকা নিয়ে থাকলেও কিংবা আগে করোনাভাইরাস আক্রান্ত হয়ে থাকলেও, আপনাকে অবশ্যই স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে।

দ্রান্ত ধারণা: আমার পরীক্ষার ফল যদি নেগেটিভ আসে, আমি স্ব-বিচ্ছিন্ন থাকা বন্ধ করতে পারি।

সঠিক তথ্য: যদিনা আপনি কোনো পাইলট প্রকল্পে অংশগ্রহণ করে থাকেন, তবে অবশ্যই আপনাকে স্ব-বিচ্ছিন্ন থাকা অব্যাহত রাখতে হবে।

দ্রান্ত ধারণা: আমি মাস্ক পরে চলাফেরা করলে, আমাকে স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে না

সঠিক তথ্য: তবুও আপনাকে স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে, কেননা আপনি হয়তো ইতিমধ্যেই ভাইরাসের সংস্পর্শে এসে থাকতে পারেন।

দ্রান্ত ধারণা: বহু মানুষ স্ব-বিচ্ছিন্ন থাকেন না, তাই আমাকেও থাকতে হবে না

সঠিক তথ্য: অতিসাম্প্রতিক তথ্য অনুসারে, যাদেরকে স্ব-বিচ্ছিন্ন থাকতে বলা হয়েছে তাদের মধ্যে ৯৩% লোকই তা করেন। আপনাকেও তা করতে হবে।

দ্রান্ত ধারণা: আমি স্ব-বিচ্ছিন্ন থাকাকালেও হাঁটতে বের হতে পারি

সঠিক তথ্য: পুরো ১০ দিনের সময়কাল জুড়ে আপনার বাড়ির বাইরে যাওয়া উচিত নয়, যদিনা কোনো জরুরি পরিস্থিতি থেকে থাকে।

দ্রান্ত ধারণা: আমি স্ব-বিচ্ছিন্ন থাকাকালে, কোনো কারণেই বাড়ির বাইরে বের হতে পারবো না

সঠিক তথ্য: কেবল জরুরি পরিস্থিতিতে, যেমন চিকিৎসা সহায়তা বা ক্ষতির আশঙ্কা থেকে বাঁচার জন্য আপনি তা করতে পারেন।

দ্রান্ত ধারণা: আমি স্ব-বিচ্ছিন্ন থাকলে কোনো সহায়তা পাব না

সঠিক তথ্য: মানসিক স্বাস্থ্য সংক্রান্ত পরামর্শ, আপনার স্থানীয় কর্তৃপক্ষের কাছ থেকে সহায়তা এবং আর্থিক সহায়তা পাওয়া যাবে।

দ্রান্ত ধারণা: বিধিনিষেধ শিথিল হওয়ার পর আমাকে আর স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে না

সঠিক তথ্য: আপনাকে স্ব-বিচ্ছিন্ন থাকতে বলা হয়ে থাকলে স্ব-বিচ্ছিন্ন থাকতে হবে - এর ফলে আপনি জনসাধারণকে সুরক্ষিত রাখবেন এবং স্বাভাবিক অবস্থায় ফিরতে সাহায্য করবেন।

? আরো তথ্যের জন্য: gov.uk/coronavirus ওয়েবসাইটে যান অথবা 119 নম্বরে কল করুন বা আপনার স্থানীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করুন